

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধান বিষয়ে শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি

স্থান : প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ
তারিখ : ২৮ ডিসেম্বর, ২০১৫
সময় : বেলা ০৩:৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক'

ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত গঠিত 'নৈতিকতা কমিটি' এর সভাপতির সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন ফাউন্ডেশনের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জানুয়ারি, ২০১৫-জুন, ২০১৬ বাস্তবায়নের লক্ষ্যে যেসব কমিটি গঠন করা হয়েছে এসব কমিটির সাপ্তাহিক/মাসিক/ত্রৈমাসিক/অর্ধবার্ষিক/বার্ষিক সভা অনুষ্ঠানসহ প্রতিবেদন প্রণয়ন ও যথাস্থানে প্রেরণ এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম নিয়মিত সম্পাদন করতে হবে। তিনি আরও বলেন শুদ্ধাচার ও সুশাসন নিশ্চিত করতে হলে যে কোন প্রতিষ্ঠানেই দুর্নীতিবাজ ও অসাধু কর্মকর্তাদের প্রশয় দেয়া কিংবা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া না হলে তা শুদ্ধাচার ও সুশাসনকে বাধাগ্রস্ত করে। এ ফাউন্ডেশনেও এ ধরনের কিছু অসাধু কর্মকর্তা রয়েছে যাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ইতোমধ্যে ফাউন্ডেশনের পরিচালনা পর্যদের সভার সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থাগ্রহণ শুরু হয়েছে এবং অনেককে চাকুরিচ্যুত করাসহ নানা ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখা হয়েছে। তিনি আরও বলেন বিগত ২৫ অক্টোবর'১৫ তারিখে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে যেসব টার্মস অব রেফারেন্স দেয়া হয়েছে তা প্রতিপালনে ফাউন্ডেশনের সাথে সাথে প্রকল্পের জনবলকে এ সংক্রান্ত সকল বিষয়ের সিদ্ধান্ত অবহিত করা আবশ্যিক। এ ছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা ফাউন্ডেশনের মত প্রকল্পের জন্যও আলাদাভাবে প্রণয়নপূর্বক ব্যবস্থাগ্রহণ করতে হবে। বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। ফাউন্ডেশন ইতোমধ্যে যে সকল অসাধু ও অদক্ষ কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থার পাশা পাশি আইনগত ব্যবস্থা গ্রহণ শুরু করেছে তাদের বিষয়গুলো দ্রুত নিষ্পন্ন করতে হবে এবং এ ধারা চলমান রাখতে হবে।

০২। সম্প্রসারণ প্রকল্পের জনবলের শুদ্ধাচার ও সুশাসনে বাধাগ্রস্ত/অন্তরায় সৃষ্টিকারী কর্মচারী চিহ্নিত করার নিমিত্ত প্রকল্পের প্রকল্প পরিচালককে আহবায়ক করে প্রকল্পের জন্য ০১টি কমিটি গঠন করতে হবে। কমিটি প্রতি ০২ মাস অন্তর অন্তর সভা করে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে প্রতিবেদন পেশ করবে।

০৩। শুদ্ধাচার ও সুশাসনকে অরাস্তিত করার লক্ষ্যে এ ক্ষেত্রে প্রাপ্য কিছু কিছু কর্মচারীকে প্রণোদনা পুরস্কার প্রদান করতে হবে।

০৪। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে মহাব্যবস্থাপক-এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সকল কর্মচারীদের সম্মুখে প্রতি মাসে ০১টি আলোচনা সভা অনুষ্ঠান করে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি

কার্যার্থে বিতরণঃ

- ০১। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০২। প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মচারী।
- ০৩। সংশ্লিষ্ট নথি।
- ০৪। অফিস কপি।